দৈনিক ইনকিলাব

তারিখ 12 NOV 1986
পৃষ্ঠা ৮

## উপজেলা পরিক্রমা

# ধুনট

।। মুহম্মদ নূরুল ইসলাম ।।

বগুড়া জেলা শহর থেকে ১৮ মাইল দক্ষিণ-পূর্বদিকে অবস্থিত ধুনট উপজেলা দু'টি প্রধান নদী, পশ্চিমে ফুলজোড়, পূর্বে বাঙ্গালী (ইছামতী) নদী প্রবাহিত। এ উপজেলার আয়তন ৯৫ বর্গমাইল। ১০টি ইউনিয়ন, ৯২টি মৌজা ও ২১৩টি গ্রাম নিয়ে গঠিত এই উপজেলা। লোকসংখ্যা ২,০৬,৪৫৫ জন। তার মধ্যে ৪০ হাজার লোক ভূমিহীন। কাজের অভাবে ভূমিহীন ব্যক্তিরা মানবেতর জীবন-যাপন করছে।

### কৃষি ব্যবস্থা

উপজেলায় ৬১ হাজার একর জমি রয়েছে। অবাদী জমির পরিমাণ ৪৫ হাজার ৩০০ একর। অর্থকরী ফসল ধান, পাট, ইক্ষু, কলাই, মরিচ, সরিষা ও গম। কৃষি উন্নয়নের জন্য ১৫৭টি পাওয়ারপাম্প, ২৩৫৬টি অগভীর নলকূপ ও ২৩টি গভীর নলকূপ এবং ২৯৬টি কৃষি সমবায় সমিতি রয়েছে। কিন্তু প্রয়োজনীয় মূলধনের অভাবে কৃষি উৎপাদন আশানুরূপ হচ্ছে না।

### যোগাযোগ

ধুনট উপজেলায় ৩ মাইল পাকা ৩০০ মাইল কাঁচা রাস্তা রয়েছে। যাতায়াত ব্যবস্থা এখনও মান্ধাতা আমলের। জেলা সদরের সাথে সংযোগরক্ষাকারী সড়কে বথুয়াবাড়ী ফেরীঘাটে ব্রীজ না থাকায় দুর্ঘটনার সম্ভাবনা প্রবল। এ পরিস্থিতিতে একটা সেতু নির্মাণ প্রয়োজন। টেলিযোগাযোগের জন্য একটা টেলিফোন এক্সচেঞ্জ রয়েছে।

### শিক্ষা

উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানগুলোর জরাজীর্ণ অবস্থা থাকায় ছাত্র-ছাত্রীদের লেখাপড়া বিচ্ছিঘনত হচ্ছে। ৯৪টি সরকারী প্রাথমিক বিদ্যালয়, ২৭টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয়, ১৮টি উচ্চ বিদ্যালয়, ২টি বালিকা উচ্চ বিদ্যালয়, ১টি কলেজ ও ২৪টি মাদ্রাসা বিদ্যমান। সব শিক্ষা প্রতিষ্ঠানের আসবাব পত্রেরসমস্যা, গৃহ সমস্যা, উচ্চ বিদ্যালয়ের বিজ্ঞান শিক্ষার কারিগরি যন্ত্রপাতির অভাব, শিক্ষকের অভাব গড়ে ৩ জন (প্রাইমারী ক্ষেত্রে) এবং কলেজের সমস্যারও অন্ত নেই। শিক্ষার হার ১৩·৬% জন।

### চিকিৎসা

এ উপজেলায় ৩১ শয্যা বিশিষ্ট একটি হাসপাতাল রয়েছে। জীবন রক্ষাকারী ওষুধ নেই। শুধু মাত্র ট্যাবলেট ছাড়া অন্য কোন ওষুধ দেয়া হয় না। এ্যাম্বুলেন্স ও এক্স-রে মেশীন নেই। জনসাধারণ সুচিকিৎসা থেকে বঞ্চিত রয়েছে। ওষুধের সরবরাহ স্বাভাবিক সত্ত্বেও সদ্ব্যবহার হয় না। ডাক্তারগণও ঠিকমত অফিসে আসে না।

### হাট-বাজার

উপজেলার হাট-বাজারগুলোর অবস্থা করুণ। প্রয়োজনীয় সংস্কার না করার ফলে হাটুরেদের দুর্ভোগ পোহাতে হয়। স্থান সংকট, নর্দমার অভাব, অপরিকল্পিতভাবে গড়ে উঠা দোকানপাট সমস্যা আরও বাড়িয়ে তুলছে। ইজারাদারগণ অবৈধভাবে বর্ধিত হারে খাজনা আদায় করছে বলে তীব্র অভিযোগ রয়েছে। ২০টি হাট ও ৩টি বজারের দুরবস্থা সত্ত্বেও তোলা আদায়ের অর্থ কোন্ খাতে ব্যয় হয় তা জানা যায়নি।

### বিনোদন

উপজেলায় খেলাধূলার জন্য একটি স্টেডিয়ামের অভাব বহুদিনের। অবসর বিনোদন করার জন্য ২টি সিনেমা হল, ১২টি ক্লাব ও পাঠাগার রয়েছে।

### ধর্মীয় ব্যবস্থা

১,৯৫,৭৩৩ জন মুসলমানের জন্য সমগ্র উপজেলায় ২৯৯টি মসজিদ ও বহু মক্তবখানা রয়েছে। হিন্দু ধর্মালম্বীদের জন্য মাত্র ৫টি মন্দির বিদ্যমান।